

# যুগান্তর

এইচএসসি পরীক্ষা শুরু কাল

## সক্রিয় প্রশ্নফাঁসের গুজব ছড়ানো চক্র

মোট পরীক্ষার্থী ১৩ লাখ ৫১ হাজার ৩০৯ জন \* কোনোভাবেই প্রশ্নফাঁস সন্তুষ্ট নয় -শিক্ষামন্ত্রী

প্রকাশ : ৩১ মার্চ ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



ফাইল ফটো

এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল। এ পরীক্ষায় ১৩ লাখ ৫১ হাজার ৩০৯ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে। পরীক্ষা সামনে রেখে অসাধু চক্র প্রশ্নফাঁসের গুজব ছড়ানোর মাধ্যমে অবৈধ পত্রায় অর্থ হাতিয়ে নিতে এরই মধ্যে সক্রিয় হয়ে উঠেছে। তারা ফেসবুকসহ সামাজিক যোগাযোগমাধ্যমে প্রশ্নফাঁসের বিজ্ঞপ্তি দিচ্ছে।

তবে কোনোভাবেই প্রশ্নফাঁস সন্তুষ্ট নয় বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি। তিনি এ প্রসঙ্গে শনিবার শেরপুরের নকলা উপজেলার চন্দকোনা রাজলক্ষ্মী উচ্চ বিদ্যালয়ের শতবর্ষ উদযাপন অনুষ্ঠানে বলেন, সদ্যসমাপ্ত এসএসসি পরীক্ষার মতোই এইচএসসি পরীক্ষাও সুর্তু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হবে। এজন্য প্রয়োজনীয় সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। প্রশ্নফাঁসের কোনো আশঙ্কা নেই।

তিনি অভিভাবক-শিক্ষার্থীদের উদ্দেশে আরও বলেন, প্রতারক চক্র বিভিন্নভাবে মানুষকে প্রতারিত করতে গুজব ছড়ায়। কোনো রকমের গুজবে কান দেবেন না এবং অনেতিক কোনো লেনদেন করবেন না। যারা এই রকমের অনেতিক কাজের সঙ্গে জড়িত থাকবে, তাদের কঠিন শাস্তির আওতায় আনা হবে। সরকারের সব গোয়েন্দা সংস্থা ও আইনশৃঙ্খলা বাহিনী এ ব্যাপারে কাজ করছে।

শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান, মোট পরীক্ষার্থীর মধ্যে ৮টি সাধারণ বোর্ডের অধীনে এইচএসসিতে ১১ লাখ ৩৮ হাজার ৫৫০, মাদ্রাসা বোর্ডের অধীনে আলিমে ৭৮ হাজার ৪৫১ এবং কারিগরি বোর্ডে ১ লাখ ২৪ হাজার ২৬৫ জন পরীক্ষার্থী আছে।

এইচএসসিতে আট বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে ৩ লাখ ৯৭ হাজার ৬২২, রাজশাহী বোর্ডে ১ লাখ ৫০ হাজার ৯৫৪, কুমিল্লা বোর্ডে ৯৫ হাজার ২০২, যশোর বোর্ডে ১ লাখ ২৮ হাজার ৮০৯, চট্টগ্রাম বোর্ডে ৯৯ হাজার ৬৬৪, বরিশাল বোর্ডে ৬৪ হাজার ৯১৯, সিলেট বোর্ডে ৭৬ হাজার ৬৯৮ এবং দিনাজপুর বোর্ডে ১ লাখ ২৪ হাজার ৮৭৯ জন পরীক্ষার্থী।

**সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণে নানা প্রস্তুতি :** পরীক্ষায় যাতে প্রশ্নফাঁস না হয়, সেজন্য ৫ সঙ্গাহ সব ধরনের কোচিং সেন্টার বন্ধ ঘোষণা করা হয়েছে। সে অনুযায়ী সোমবার থেকে ৬ মে পর্যন্ত সারা দেশে সব কোচিং সেন্টার বন্ধ থাকবে। এছাড়া প্রশ্নফাঁস ঠেকাতে মোবাইল ব্যাথকিং কঠোরভাবে নজরদারি করা হবে। বিশেষ করে কোনো মোবাইল নম্বরে একাধিকবার একই অক্ষের টাকার সন্দেহজনক লেনদেন হয়, তাহলে সংশ্লিষ্ট এজেন্টকে বিষয়টি থানায় জানাতে নির্দেশ দেয়া হয়েছে।

পরীক্ষার্থীদের আগের মতোই ৩০ মিনিট আগে আবশ্যিকভাবে কেন্দ্রে আসন গ্রহণ করতে হবে। অনিবার্য কারণে কোনো পরীক্ষার্থী কেন্দ্রে পৌঁছতে দেরি করলে রেজিস্ট্রারে তার নাম, রোল নম্বর ও বিলবের কারণ উল্লেখ করতে হবে। এ ধরনের ঘটনা পরীক্ষার দিনই কেন্দ্র সচিব সংশ্লিষ্ট বোর্ডকে জানাবেন। কেন্দ্রে শুধু ভারপ্রাপ্ত কর্মকর্তা (কেন্দ্র সচিব) সাধারণ মানের একটি ফোন ব্যবহার করতে পারবেন। কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেক্ট্রনিক্স যন্ত্র ব্যবহার করতে পারবেন না। এ

ছাড়া আগের বিভিন্ন পরীক্ষার মতো এবারও পরীক্ষা শুরুর মাত্র ২৫ মিনিট আগে কোন সেট প্রশ্নপত্রে পরীক্ষা হবে, সেটা জানানো হবে। পরীক্ষার হলে প্রশ্নপত্র বষ্টনে যাতে কোনো অসুবিধা না হয়, সেজন্য নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের আলাদা আলাদা কক্ষে আসনবিন্যস করে প্রশ্নপত্র বিতরণ করা হবে।

পরীক্ষা চলাকালে এবং আগে-পরে পরীক্ষা সংশ্লিষ্ট কাজের সময় পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া অন্যদের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। বিজি প্রেস থেকে প্রশ্নপত্রের প্যাকেটে গতানুগতিক কাগজের খামের বদলে অধিকতর নিরাপত্তাবিশিষ্ট অ্যালুমিনিয়াম ফয়েল খাম ব্যবহার করা হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যম পর্যবেক্ষণে তদারক কমিটি গঠন করা হয়েছে। ভেন্যু কেন্দ্রের জন্য প্রশ্নপত্রের আলাদা প্যাকেট ও ট্রাঙ্ক তৈরি করা হয়েছে, যা ট্রেজারি থেকে সরাসরি ভেন্যুতে পাঠানো হবে।

জানা গেছে, এই পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে শিক্ষার্থীদের বিভিন্ন মেয়াদে বিহিন্ন করা হবে। আর এতে সহায়তার দায়ে শিক্ষকদের বিবরণে ব্যবস্থা নেয়া হবে। এর মধ্যে সরকারি প্রতিষ্ঠানের শিক্ষকদের সাময়িক বিহিন্ন ও বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষকদের এমপিও (বেতনের সরকারি অংশ) বাতিলের সিদ্ধান্ত নেয়া হবে।

**ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিস্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।